দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746
PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]
HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 10 AUGUST 2025 , SUNDAY | ১০ আগস্ট ২০২৫ , রবিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-359

## সাঁতরাগাছিতে নবান্ন অভিযানে সামিল জনতা



বাপন ধাঁড়া ,এই যুগ , হাওড়া , ৯ আগস্ট : শনিবারের নবান্ন অভিযান কার্যত সফল। শনিবার দুপুরে আরজি করের মৃত ডাক্তার অভয়ার বাবা মায় ডাক দিয়েছিল নবান্ন অভিযানের। এই কর্মসূচি তে সামিল হওয়ার জন্য রাজ্যের সমস্ত স্তরের মানুষের কাছে আবেদন করেছিলেন । সকাল থেকেই হাওড়ার সাঁতরাগাছি স্টেশন রাস্তায় আন্দোলনকারীদের যাতে সহজেই মোকাবিলা করা যায় তারজন্য প্রশাসন ছিল প্রস্তুত। রাস্তায় ব্যারিকেড ছিল। সকাল থেকেই আন্দোলন কে এগিয়ে নিয়ে যেতে সাধারণ জনগণকে দেখা যায় জাতীয় পতাকা হাতে । এদিন হাওড়ার সাঁতরাগাছিতে এসে বিজেপি বিধায়ক তথা জনপ্রিয় অভিনেতা হিরন চট্টোপাধ্যায় বলেন হাওড়া ময়দান , শিয়ালদা, দ্বিতীয় হুগলি সেতু এবং এখানে সাঁতরাগাছিতে সারা বাংলার মানুষ এসেছে। পুলিশ আটকাতে চেয়েছে। কিন্তু তারা সফল হয়নি। সারা বাংলার মানুষ এই অভিযান সফল করেছে। পশ্চিমবঙ্গের মা বোনেদের সুরক্ষার জন্য তারা এই আন্দোলনে সামিল হয়েছে। আর আমার বোন অভয়ার বিচার চেয়ে আমরা এই আন্দোলনে সামিল হয়েছি। কারন অভয়া সুবিচার পায়নি বলে তিনি জানান। এদিন তিনি সাঁতরাগাছিতে ব্যারিকেডের সামনে বসে অবস্থান বিক্ষোভ করেন। সেখানে সবাই বলেন উই ওয়ান্ট জাস্টিস , জাস্টিস ফর আরজিকর।

## শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের উদ্যোগে টেনান্ট ইনফরমেশন সিস্টেম পোর্টাল চালু সহ রাখীবন্ধন



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি ,৯ আগস্ট : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের উদ্যোগে শনিবার শহরের ভেনাস মোড়ে আয়োজিত হয় রাখীবন্ধন উৎসব ও টেনান্ট ইনফরমেশন সিস্টেম পোর্টালের উদ্বোধন। এদিন রাখী বন্ধন উৎসবে সামিল হন শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের কমিশনার সি সুধাকর,শিলিগুড়ি পৌর নিগমের মেয়র গৌতম দেব, এস জে ডি এ চেয়ারম্যান দিলীপ দুগগার সহ অন্যান্য পুলিশ আধিকারিকগন। এদিন পথ চলতি সাধারন মানুষ, বৃদ্ধাশ্রমের প্রবীন নাগরিকদের,বিশেষভাবে সক্ষম শিশু সদনের আবাসিক, ডাক্তার, নার্স, বি এস এফ কর্মীদের রাখী পড়িয়ে সৌভ্রাতৃত্বের বার্তা দেওয়া হয়। অপরদিকে হেলমেট হীন বাইক চালকদের রাখী পড়িয়ে ও হেলমেট বিতরন করে তাদের নিরাপদে পথ চলার বার্তা দিয়ে সচেতন করা হয়। এদিন উদ্বোধন হয় টেনান্ট ইনফরমেশন সিস্টেম পোর্টালের। উদ্বোধন করেন মেয়র গৌতম দেব। পুলিশ কমিশনার জানান এই পোর্টালে শিলিগুড়ি শহরে সকল ভাড়াটিয়াদের তথ্য থাকবে। বাড়ির মালিকরা এই পোর্টালে ভাড়াটিয়াদের সমস্ত তথ্য দেবেন। পোর্টালে তথ্য না দিলে বাড়ির মালিকের বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহন করা হবে। মেয়র গৌতম দেব জানান এই পোর্টাল চালু হওয়ায় শহরের ভাড়াটিয়াদের বিষয়ে সব তথ্য পাওয়া যাবে।

## বিজেপি শাসিত রাজ্যগুলিতে বাংলা ভাষাভাষীদের উপর নির্যাতনের প্রতিবাদে অবস্থান বিক্ষোভ তৃণমূলের




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৯ আগস্ট : বিজেপি শাসিত রাজ্যগুলিতে বাংলা ভাষাভাষী মানুষদের উপর অত্যাচার ও বাংলার কৃষ্টি ও সংস্কৃতিকে ধ্বংস করার ঘৃণ্য চক্রান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে শনিবার অবস্থান বিক্ষোভ কর্মসূচি আয়োজিত হয় মাটিগাড়া ব্লক এক তৃণমূল কংগ্রেস এর উদ্যোগে। এদিন মাটিগাড়ার খাপরাইল মোড়ে এই অবস্থান বিক্ষোভ কর্মসূচি চলে সকাল দশটা থেকে বিকাল চারটে পর্যন্ত। উপস্থিত ছিলেন শিলিগুড়ি পৌর নিগমের মেয়র গৌতম দেব সহ অন্যান্য নেতৃত্ব। মেয়র গৌতম দেব বলেন বিজেপি শাসিত রাজ্যগুলিতে বাংলা ভাষাভাষী মানুষদের উপর অত্যাচার এর পাশাপাশি বাংলার কৃষ্টি ও সংস্কৃতি কে ধ্বংস করার ঘৃণ্য চক্রান্ত চলছে, এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে রুখে দাঁড়ানোর লক্ষ্যে এই কর্মসূচি ।

## উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ৯ আগস্ট : মুর্শিদাবাদ জেলা পুলিশের ডোমকল থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে থানা এলাকায় অভিযান চালিয়ে শনিবার এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র ও দুই রাউন্ড গুলি। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে উদ্ধার করা আগ্নেয়াস্ত্র ও গুলু বাজেয়াপ্ত করা হয়। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা দায়ের করে ধৃতকে।আদালতে পাঠিয়েছে পুলিশ। ধৃত ব্যক্তি কোথা থেকে কি উদ্দেশ্যে অস্ত্র সংগ্রহ করেছে তা খতিয়ে দেখছে পুলিশ।

# নিরাপত্তা হীনতায় ভুগছে স্কুলের শিক্ষক শিক্ষিকা থেকে ছাত্রছাত্রীরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ৯ আগস্ট : স্কুলের ঐতিহ্য রক্ষার্থে সঠিক পঠন পাঠনের লক্ষ্যে শতাধিক অভিভাবক অভিভাবিকা সহ এলাকার বিশিষ্ট ব্যক্তি দের নিয়ে সভা করলেন যশোডাঙ্গা জুনিয়র বেসিক স্কুল কর্তৃপক্ষ। শনিবার বিকেল চারটে থেকে শুরু হয়েছে স্কুল প্রাঙ্গনে ঐতিহাসিক অভিভাবক সভা। সভায় উপস্থিত ছিলেন ডিপিএসসি চেয়ারম্যান পরিতোষ বর্মন শামুকতলা থানার সাব-ইন্সপেক্টর আজাদ সরকার, বিশ্বজিৎ রায় এলাকার গ্রাম পঞ্চায়েত প্রধান পঞ্চায়েত সদস্য সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ। স্কুল প্রাঙ্গণে দুষ্কৃতীরা আস্তানা গেড়েছে। মাঝে মধ্যে বসছে গাঁজার আসর থেকে শুরু করে মদের আসর এমনকি ড্রাগস কার বারিদের মুক্তাঞ্চলে পরিণত হয়েছে স্কুল প্রাঙ্গণ। এদিন অভিভাবক অভিভাবিকা সহ পুলিশ এবং ডিপিএসসি চেয়ারম্যানের পক্ষ থেকে তাদের মূল্যবান বক্তব্য তুলে ধরা হয়। উল্লেখ্য নিরাপত্তা হীনতায় ভুগছেন স্কুলের শিক্ষক শিক্ষিকা থেকে শুরু করে ছাত্রছাত্রীরা। সীমানা প্রাচীর তৈরির দাবিও তুলেছিলেন অভিভাবকরা।

# নিখোঁজ রোগীর দেহ উদ্ধার নদী থেকে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ আগস্ট : সেন্ট্রাল ডুয়ার্স এলাকার বসরা নদী থেকে উদ্ধার হল এক চা শ্রমিকের মৃতদেহ। কালচিনি ব্লকের মেচপাড়া চা বাগানের হাসপাতাল থেকে নিখোঁজ ছিল ওই শ্রমিক। শনিবার দুপুর ২:০০টা নাগাদ মৃতদেহ ময়না তদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠাল কালচিনি পুলিশ। মৃত শ্রমিকের নাম পাওলুস মিঞ্জ, মেচপাড়া চা বাগানের আট নম্বর এলাকার বাসিন্দা ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে যে গত সোমবার খাবার রান্না করার সময় শ্রমিকের হাত পুড়ে যায়, পরিবারের সদস্যরা তাকে বাগান হাসপাতালে নিয়ে যান। প্রায় দুই দিন হাসপাতালে চিকিৎসাধীন থাকার পর বুধবার ভোরে হঠাৎ করেই শ্রমিকটি হাসপাতাল ছেড়ে কোথাও চলে যান। পরিবারের সদস্যরা হাসপাতালে এসে শ্রমিককে না পেয়ে তাকে খুঁজতে শুরু করেন। চা বাগানে এবং বিভিন্ন স্থানে অনেক খোঁজাখুঁজি করেও কোথাও থেকে তার কোনও সন্ধান পাওয়া যায়নি। শুক্রবার, শ্রমিকের পরিবারের সদস্যরা কালচিনি থানায় এসে পুলিশকে নিখোঁজ অভিযোগ করে। গতকাল রাতে কালচিনি ব্লকের সেন্ট্রাল ডুয়ার্সের বসরা নদী থেকে তার মৃতদেহ উদ্ধার করে কালচিনি পুলিশ।

# উদ্ধার বিপুল পরিমান নিষিদ্ধ কফ সিরাপ, গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা, এই যুগ,জলপাইগুড়ি, ৯ আগস্ট : শুক্রবার রাতে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে বিপুল পরিমান নিষিদ্ধ কফ সিরাপ সহ দুই যুবককে গ্রেপ্তার করে ভক্তিনগর থানার এন্টি ক্রাইম উইং।জানা গেছে শুক্রবার রাতে এন্টি ক্রাইম উইং এর কাছে খবর আসে পি সি মিত্তাল বাস স্ট্যান্ড এ রাতেই কফ সিরাপ হাত বদল হবে। খবর পেয়ে সাথে সাথে অভিযানে নামে এন্টি ক্রাইম উইং এর সদস্যরা। তারা বাস স্ট্যান্ড এ দুই যুবককে সন্দেহজনক ভাবে ঘোরাঘুরি করতে দেখে আটক করে তল্লাশী চালায়। ততল্লাশীতে তাদের সাথে থাকা ব্যাগ থেকে উদ্ধার হয় প্রচুর পরিমান নিষিদ্ধ কফ সিরাপ। গ্রেপ্তার করা হয় দুই যুবককে। ধৃতদের নাম বাপী রায় বিহারের বাসিন্দা ও সেওয়ান শা শিলিগুড়ি সন্তোষীনগরের বাসিন্দা। পুলিশ সূত্রে জানা গেছে বাপী বিহার থেকে এসেছিলো সেওয়ান শার থেকে কফ সিরাপ নিয়ে যেতে। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে শনিবার তাদের জলপাইগুড়ি জেলা আদালতে পেশ করে পুলিশ। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।



# ট্রাফিক আইন ভঙ্গ, খাওয়ানো হলো মিষ্টি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ আগস্ট : ট্রাফিক নিয়ম লঙ্ঘন কারীদের রাখী পড়িয়ে এবং মিষ্টিমুখ করিয়ে শনিবার অভিনব কায়দায় রাখী বন্ধন উৎসব পালন করলেন কালচিনি ট্রাফিক পুলিশের আধিকারিক ও কর্মীরা।এদিন কালচিনি চৌপথী এলাকায় ট্রাফিক পুলিশের তরফে হেলমেট বিহীন বাইক আরোহী দের দাঁড় করিয়ে রাখী পড়ানো হয়,পাশাপাশি, মিষ্টিমুখও করানোও হয়। এ বিষয়ে কালচিনি ট্রাফিক ওসি রাজীব ওঝা বলেন, "উৎসব পালনের পাশাপাশি, সাধারণ মানুষকে ট্রাফিক নিয়ম নিয়ে সতর্ক করার লক্ষ্যেই এই কর্মসূচি ছিল আমাদের।"



# কোচবিহারের ডোডেয়ারহাটে প্রকাশ্য দিবালোকে শুট আউট ,নিহত এক ,আহত এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার,৯ আগস্ট : কোচবিহার জেলার ডোডেয়ারহাটে প্রকাশ্য দিবালোকে শুট আউট এর ঘটনায় নিহত হয়েছেন তৃণমূল অঞ্চল প্রধানের ছেলে, আহত আরেকজন। জানা গেছে নিহতের নাম অমর রায়, আহতের নাম জানা যায়নি। শনিবার ছিলো সাপ্তাহিক হাটের দিন। ভরা হাটে প্রকাশ্য দিবালোকে গুলি চালনার ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। গুলি চালনার ঘটনার সাথে সাথে বন্ধ হয়ে যায় হাট ও বাজারের সমস্ত দোকান পাট। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য ও বিরাট পুলিশ বাহিনী। স্থানীয়রা জানান নিহত অমর রায়ের সাথে কোনো বিষয়ে কথা কাটাকাটি চলছিলো দুষ্কৃতিদের।এর মধ্যেই দুষ্কৃতিরা অমরকে লক্ষ্য করে গুলি চালায়। গুলি।অমরের মাথায় লাগে। ঘটনাস্থলেই মৃত্যু হয় অমরের। আরেকটি গুলি লাগে অপর এক যুবকের পায়ে, সেও আহত অবস্থায় পড়ে থাকে। স্থানীয়রা তাদের উদ্ধার করে এম জেএন হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক অমরকে মৃত বলে ঘোষনা করেন। অপর আহত যুবকের চিকিৎসা চলছে। দুষ্কৃতিরা গুলি চালাতে চালাতে বাইকে করে পালিয়ে যায় বলে জানান স্থানীয়রা। পুলিশ কাউকে গ্রেপ্তার করতে পারেনি। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |